

করবো বীমা, গড়বো দেশ
স্মার্ট হবে বাংলাদেশ

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ব্যতীত কোন তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান Insurtech / Start-up বীমাকারীর সাথে বীমা পণ্য বা বীমা সেবা প্রদানের কার্যক্রমে যুক্ত হতে পারবে না। তাছাড়া কর্তৃপক্ষ

- (ক) এ গাইডলাইন্সে উল্লিখিত শর্তের লঙ্ঘন হলে
- (খ) বীমা আইন, ২০১০ ও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং এর অধীনে প্রণীত বিধি বা প্রবিধি বা অন্য কোন আইন বা বিধানের সাথে রেগুলেটরি স্যান্ডবক্স এর কার্যক্রম সাংঘর্ষিক অথবা পরিপন্থী হলে
- (গ) স্যান্ডবক্সের কোন কার্যক্রমের মাধ্যমে বীমা গ্রাহকের স্বার্থ ক্ষতিগ্রস্ত হলে
- (ঘ) কর্তৃপক্ষের নিকট রেগুলেটরি স্যান্ডবক্স এর কোন কার্যক্রম অন্যান্য হিসেবে গণ্য হলে আত্মগণক সমর্থনের সুযোগ প্রদান করে অনুমোদন বাতিল করতে পারে।

রেগুলেটরি স্যান্ডবক্সের অধীনে কোন প্রতিষ্ঠান অনুমোদন প্রাপ্তির পর উদ্যোগটি বাস্তবায়নের প্রতিবেদন ত্রৈমাসিক, ষাণ্মাসিক ভিত্তিতে দাখিল করতে হবে। রেগুলেটরি স্যান্ডবক্সের অধীনে বাস্তবায়নামীন উদ্যোগ কর্তৃপক্ষ প্রয়োজনে নিরীক্ষা করতে পারে। স্যান্ডবক্সের মেয়াদকাল ২ বছর উত্তীর্ণ হওয়ার ৩০ দিন পূর্বে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। পরীক্ষার ফলাফল সন্তোষজনক প্রতীয়মান হলে কর্তৃপক্ষ উদ্যোগটি স্থায়ীভাবে বাস্তবায়নের অনুমোদন প্রদান করতে পারে।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের এ উদ্যোগের ফলে বীমা পণ্য তৈরী, বিতরণ, বীমা দাবি প্রক্রিয়াকরণ ইত্যাদি ক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে তরুণ উদ্যোক্তাদের উদ্ভাবনী মেধা ও উদ্যমকে কাজে লাগিয়ে বীমার প্রসারের সুযোগ সৃষ্টি হয়েছে।

বীমা সেবায় Insurtech

প্রকাশকাল : ১ মার্চ, ২০২৪



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, এসবিসি টাওয়ার (৯ম তলা), দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন নম্বর : +০২ ৪১০৫১৩৮১-৮৪ (PABX); ফ্যাক্স : +০২ ৪১০৫১৩৯০
ই-মেইল : indra.bd@gmail.com; ওয়েবসাইট : www.idra.org.bd
হটলাইন নম্বর: ১৬১৩০



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, এসবিসি টাওয়ার (৯ম তলা), দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন নম্বর : +০২ ৪১০৫১৩৮১-৮৪, ফ্যাক্স : +০২ ৪১০৫১৩৯০
ই-মেইল : indra.bd@gmail.com, ওয়েবসাইট : www.idra.org.bd
হটলাইন নম্বর: ১৬১৩০

Insurtech এর মাধ্যমে বীমা সেবা প্রদান

দ্রুত বিকাশমান তথ্য প্রযুক্তির উৎকর্ষতায় বীমা গ্রাহকদের নতুন পরিকল্পন এবং দ্রুত ও স্বচ্ছতার সাথে বীমা সেবা পাওয়ার জন্য তাদের চাহিদায় ব্যাপক পরিবর্তন এসেছে। দেশে Insurtech/Start-up প্রতিষ্ঠানের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে যারা উদ্ভাবনী পণ্য ও সেবা নিয়ে এগিয়ে এসেছে। বীমা খাতের সুশৃঙ্খল বিকাশ, বীমা গ্রাহকদের স্বার্থ সংরক্ষণ এবং তথ্য প্রযুক্তিখাতকে বীমা সেবায় সম্পৃক্ত করার জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ 'রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন-২০২৩', জারি করেছে।

'Regulatory Sandbox' অর্থ এমন ব্যবস্থা যাতে নতুন ব্যবসায়িক ধারা সৃষ্টির লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে নতুন বীমা পরিকল্পন বা সেবা উদ্ভাবনের জন্য পরীক্ষামূলক কার্যক্রম পরিচালনা করা।

রেগুলেটরি স্যান্ডবক্সের আবেদনের শ্রেণিবিভাগ:

রেগুলেটরি স্যান্ডবক্সের অধীনে বীমাকারী, কোন Insurtech/Start-up প্রতিষ্ঠান এবং কর্তৃপক্ষ নির্ধারিত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ক) বীমা পরিকল্পন উদ্ভাবন খ) বীমা পণ্য বিপণন (ই-কমার্সসহ); গ) বীমা দাবি নিষ্পত্তির সেবা প্রদান; ঘ) অবলিখন (Underwriting) এবং ঙ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য কোন শ্রেণির বীমা ব্যবসায় নতুন ধারণা প্রবর্তনের জন্য আবেদন দাখিল করতে পারবে।

প্রয়োজনীয় যোগ্যতা:

- ১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক খাতে তথ্য প্রযুক্তি ব্যবহার করার সক্ষমতা রয়েছে এতদবিষয়ক বেসিস হতে প্রত্যয়নপত্র;
- ২) বাংলাদেশে বীমা ব্যবসায় নিয়োজিত বীমাকারী বা কোন বিদেশী পুনঃবীমাকারীর সাথে প্রতিটি বীমা পণ্য/সেবার জন্য সম্পাদিত সমঝোতা স্মারক বা চুক্তিপত্র।

আবেদন পদ্ধতি:

- হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি
- নিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং সংঘবিধি ও সংঘ স্মারকের অবিকল নকলের কপি
- হালনাগাদ আয়কর সনদের কপি
- যে বিষয়ে বীমাখাতে তথ্য প্রযুক্তির উদ্ভাবন হবে তার ডায়াগ্রামসহ সংক্ষিপ্ত বিবরণ
- বীমা ব্যবসায় তথ্য প্রযুক্তির মাধ্যমে উদ্ভাবন পরিকল্পনা এবং বাস্তবায়নের পদ্ধতির সংক্ষিপ্ত বিবরণ ও সুনির্দিষ্ট কর্মকৌশল এবং
- আবেদন প্রক্রিয়াকরণের নিমিত্ত প্রতিটি শ্রেণীর জন্য প্রতি অফেরংযোগ্য পঁচিশ হাজার টাকার পে-অর্ডার/ ব্যাংক ডাফটসহ আবেদন দাখিল করতে হবে।

অনুমোদন প্রাপ্তির মানদণ্ড:

নিম্নবর্ণিত শর্ত পূরণ করলে রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) ফ্রেমওয়ার্কের অধীনে কাজ করার অনুমতি প্রদান করা হবে:

- দেশের বীমা শিল্পের জন্য তথ্য প্রযুক্তির মাধ্যমে উদ্ভাবন (innovation) উপকারী হলে;
- তথ্য প্রযুক্তির মাধ্যমে উদ্ভাবন বীমা গ্রাহকদের স্বার্থে করা হলে;
- একটি নিরাপদ ও সংরক্ষিত ব্যবস্থার মাধ্যমে বীমায় অন্তর্ভুক্তি এবং বীমার পেনিট্রেশন বৃদ্ধি পেলে; এবং
- কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্টকৃত অন্যান্য শর্তাদি পূরণ করলে।